ঢাকা ওয়াসা

১) মডস জোন-৬ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
২) ক্যালকুলেশন শীট।
৩) প্রাক্কলণ।

বিষয় ○ঃ **Repairing, Maintanance of boundary wall and others works at Elephant Road-2 & Siddheshori Girls DTW's Compound under MODS Zone-6, Dhaka WASA..**

অনুচ্ছেদ ১.০

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৬, ঢাকা শহরের বিস্তীর্ন এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের বিভিন্ন এলাকায় সারফেস ওয়াটার ও ১১৫ টি পানির পাম্প কম্পাউন্ডে বিদ্যমান ১৪১ টি গভীর নলকূপ এর মাধ্যমে উত্তোলিত পানি দিয়ে এলাকায় পানি সরবরাহ করা হয়। অত্র জোনের আওতাধীন এলাকার বেশির ভাগ পানি গভীর নলকূপ হতে সরবরাহ করা হয়ে থাকে। ঢাকা ওয়াসা'র পানির পাম্প হাউজ সমূহ সংরক্ষিত এলাকা হিসাবে বিবেচিত হয়। পাম্প হাউজের অভ্যন্তরে যে সকল বৈদ্যুতিক ও অন্যান্য মালামাল রক্ষিত থাকে সেগুলো একদিকে যেমন সংবেদনশীল তেমনি অন্য দিকে বিপদজনকও বটে। গ্রাহক পর্যায়ে সুপেয় পানি সরবরাহ ও পাম্প হাউজে বিদ্যমান ঢাকা ওয়াসার মালামালের নিরাপত্তার স্বার্থে পাম্প হাউজ সমূহ বহিরাগতদের অবাদ চলাচল বন্ধ রাখা উচিৎ। অত্র মডস জোনের আওতাধীন সিদ্ধেশ্বরী গার্লস ও এলিফ্যান্ট রোড-২ পানির পাম্পের বাউন্ডারী ভেঙ্গে যাওয়ায় পাম্প হাউজটি বর্তমানে অরক্ষিত অবস্থায় আছে। পাম্প হাউজ অরক্ষিত থাকায় যে কোনো সময় বহিরাগত এসে পাম্পে প্রবেশ করতে পারে এবং যে কোনো ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাই বর্নিত পাম্পের ভেঙ্গে যাওয়া দুই দিকের সীমানা দেয়াল নির্মান করা আবশ্যক। উল্লেখ্য যে, পাম্প হাউজ সমূহ ঢাকা ওয়াসার ঐতিহ্যের ধারক ওবাহকও বটে। কাজটি বাস্তবায়ন করার জন্য সংশোধীত ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয় যা যথাযথ কতৃপক্ষ কতৃক অনুমোদিত হয়েছে

অনুচ্ছেদ ২.০

উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন -৬ এর আওতাধীন সিদ্ধেশ্বরী বয়েজ স্কুল পানির পাম্প এর সীমানা দেয়াল নির্মান ও রামপুরা টিভি রোড পানির পাম্প এর সীমানা দেয়াল উঁচু করণ কাজের লক্ষ্যে PWD-2022 মোতাবেক একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলণে সর্বমোট ব্যায়ের পরিমান দাঁড়িয়েছে **৪,৪৬,৬৭৭ (চার লক্ষ ছিচল্লিশ হাজার ছয়শত সাতাত্তর) (ভ্যাট ট্যাক্সসহ)** টাকা মাত্র। উক্ত কাজটি অত্র মডস জোনের চলতি ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধীত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- **B-16.87.02** (বাজেট কোড- বাউন্ডারী ওয়াল রক্ষণাবেক্ষণ খাত: 01-04-005 এ DPM পদ্ধতিতে সম্পাদনের জন্য অন্তর্ভুক্ত রয়েছে। বর্ণিত কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্তি ঠিকাদারী প্রতিষ্ঠান **" মেসার্স জাগুয়ার এসোসিয়েটস"** অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির আর্থিক, প্রশাসনিক ও চুক্তি অনুমোদনের ক্ষমতা **"প্রধান প্রকৌশলী"** মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ২.০

এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে **Repairing, Maintanance of boundary wall and others works at Elephant Road-2 & Siddheshori Girls DTW's Compound under MODS Zone-6, Dhaka WASA.** শীর্ষক কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্মোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটিসম্পাদনের জন্যসর্বমোট: **৪,৪৬,৬৭৭ (চার লক্ষ ছিচল্লিশ হাজার ছয়শত সাতাত্তর) (ভ্যাট ট্যাক্সসহ)** টাকা মাত্র এর প্রাক্কলনটি অনুমোদন;

খ) পি.পি.আর ২০০৮ এর বিধি ৭৬(১)/ট অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে DPM এ অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান " **মেসার্স জাওয়ার এসোসিয়েটস**" এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন । এবং

গ) আলোচ্যকাজের ব্যয়ভার মড্স জোন-৬ এর ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- B-16.87.2 এবং বাজেট বরাদ্দের **"বাউন্ডারী ওয়াল রক্ষণাবেক্ষণ"** (কোড ০১-০৪-০০৫) খাত হতে নির্বাহ করার সদয় অনুমোদন।

সদয় অনুমোদনের জন্যউপস্থাপন করাহলো।

SE, MODS-1

17-05.25

তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৬, ঢাকা ওয়াসা।

AE

কাজী আঃ ওহাব
17/05/25

EE

১৭/৫/২৫

প্রকৌঃ মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-৬, ঢাকা ওয়াসা।

১৭/০৫/২৫

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE

অনুমোদিত

২৮/০৫
2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা